

৫৭ প্রতিষ্ঠানের কেউ পাস করেনি

■ সমকাল প্রতিবেদক
এবার জেএসসি ও জেডিসিতে
শতভাগ পাস শিক্ষা প্রতিষ্ঠানের
সংখ্যা বেড়েছে ৯৮টি। অন্যদিকে
পূন্য পাস প্রতিষ্ঠানের সংখ্যা কমেছে
২৮টি।

এবার সারাদেশের ৪ হাজার
৯৯৭ প্রতিষ্ঠানের সবাই পাস
করেছে। অন্যদিকে ৫৭ প্রতিষ্ঠানের
কেউ পাস করেনি। গত বছর
শতভাগ পাস প্রতিষ্ঠানের সংখ্যা
ছিল ৪ হাজার ৮৯৯টি এবং পূন্য
পাস প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৮৫টি।
এবার ২৭ হাজার ৬৬১টি শিক্ষা
প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীরা
জেএসসি ও জেডিসি পরীক্ষায়
অংশ নেয়।

শতকাল রোববার দুপুরে
সচিবালয়ে এক প্রেস ব্রিফিংয়ে
শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ
জেএসসি ও জেডিসি পরীক্ষার ফল
জানুষ্ঠানিকভাবে ঘোষণা করেন।

শতভাগ পাস প্রতিষ্ঠানের মধ্যে
ঢাকা বোর্ডে ৫২৮, রাজশাহীতে
৭৪৯, কুমিল্লায় ৩১৮, যশোরে
৩২৯, চট্টগ্রামে ১০৫, বরিশালে
৭৯২, সিলেটে ১৬০ ও দিনাজপুরে
৫০৫টি প্রতিষ্ঠান রয়েছে। মাদ্রাসা
শিক্ষা বোর্ডে শতভাগ পাস
প্রতিষ্ঠানের সংখ্যা এক হাজার ৫১১।
গত বছর এ সংখ্যা ছিল দুই
হাজার ১০২টি।

এ ছাড়া ঢাকায় চার, রাজশাহীতে
পাঁচ, যশোরে সাত, বরিশালে তিন
ও দিনাজপুর বোর্ডে ১৬টি প্রতিষ্ঠান
রয়েছে, যাদের কোনো শিক্ষার্থী পাস
করেনি। গত বছরের মতো এবারও
কুমিল্লা, চট্টগ্রাম ও সিলেট বোর্ডে
কোনো পূন্য পাস প্রতিষ্ঠান নেই।
মাদ্রাসা বোর্ডে পূন্য পাস
প্রতিষ্ঠানের সংখ্যা ২৪টি, গত বছর
এ সংখ্যা ছিল ৩০।